**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/14/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# অভাবী উদ্বাস্তুদের তাৎক্ষণিক সংস্থান সরবরাহ করার জন্য স্থানীয় অংশীদারদের একত্রিত করার পাশাপাশি শিক্ষা ও আবাসনের সুযোগ উন্মুক্ত করার মাধ্যমে গভর্নর হোকল আফগান উদ্বাস্তুদের সাহায্য করার জন্যে তার প্রতিশ্রুতি অব্যাহত রেখেছেন

***শরণার্থীদের নিউ ইয়র্কে পুনর্বাসিত হতে সাহায্য করার প্রয়াসে, শরণার্থীদেরকে স্থানীয় কর্মসংস্থানের সুযোগসমূহের সাথে সংযোগ করিয়ে দিতে বিনামূল্যে ESL কোর্স ও সার্টিফিকেশনের উদ্দেশ্যে, গভর্নর হোকল শরণার্থীদের জন্য ভর্তি হওয়ার ক্ষেত্রে রেসিডেন্সি সংক্রান্ত শর্ত মওকুফ করে দিয়ে SUNY-এর শিক্ষার সুযোগ গ্রহণের কেন্দ্রগুলো উন্মুক্ত করে দেয়ার ঘোষণা দিয়েছেন***

***SUNY বাফেলো স্টেট কলেজের (Buffalo State College) অংশীদাররা ডর্মের অব্যবহৃত জায়গা অস্থায়ী আবাসনের জন্য সংরক্ষণ করবে এবং সাইটে আরো ল্যাপটপ সরবরাহ করবে***

***স্টেটজুড়ে উদ্বাস্তুদের জন্য শিক্ষা কর্মসূচিতে অ্যাক্সেস প্রদান করার উদ্দেশ্যে SUNY আরো বেশি সংখ্যক কম্পিউটার পৌঁছে দেয়ার জন্য কাজ করছে***

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেটে আফগান উদ্বাস্তুদের জন্য একটি নিরাপদ আশ্রয় প্রদানের জন্য অংশীদারিত্ব ও সংস্থানসমূহ ব্যবহারের ঘোষণা দিয়েছেন, যার মধ্যে যুক্তরাষ্ট্রে পুনর্বাসিত হতে চাওয়া উদ্বাস্তুদের সহায়তার জন্য শিক্ষামূলক সংস্থানসমূহ ও অস্থায়ী আবাসন প্রদান করার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে।

"আমরা সহমর্মীতা, কল্পনাশক্তি, ও সহিষ্ণুতার সাথে আজকের ও আগামী দিনের চ্যালেঞ্জগুলো মোকাবেলা করতে পারি, এবং আফগান উদ্বাস্তুদের এখানে যুক্তরাষ্ট্রে জীবন শুরু করার একটি নির্ভরযোগ্য সুযোগ দেয়ার জন্য স্টেটব্যাপী প্রচুর সংস্থানের ব্যবস্থা রয়েছে," **বলেছেন গভর্নর হোকল**। "নিগ্রহ ও সহিংসতা থেকে পালিয়ে আসা উদ্বাস্তুদের আশ্রয় প্রদানের আমাদের স্টেটের গর্বিত ইতিহাস ধরে রাখতে, এটি কর্মে ঝাপিয়ে পড়ার একটি আহ্বান। গত কয়েক সপ্তাহে হাজার হাজার আফগানী যে কষ্টকর যাত্রা সম্পন্ন করেছেন তা কোনো সমাপ্তি নয়, বরং একটি নতুন অধ্যায়ের সূচনা যা রচনা করতে আমরা তাদেরকে সাহায্য করতে পারি।"

অভিবাসীরা আমাদের সমাজে যে নাগরিক অবদান নিয়ে আসেন তাতে বিশ্বাস রেখে ও তাকে উৎসাহিত করে, স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York) ভর্তির জন্য

নিউ ইয়র্ক স্টেটে 1-বছর ধরে বসবাস করার শর্ত মওকুফ করে দিয়ে নিউ ইয়র্ক স্টেটজুড়ে অবস্থিত এর 10টি শিক্ষার সুযোগ গ্রহণের কেন্দ্র শরণার্থীদের জন্য উন্মুক্ত করে দিবে। যেকোনো উদ্বাস্তু ব্যক্তি কর্মসংস্থানের সুযোগ গ্রহণের জন্য মাধ্যমিক-পরবর্তী শিক্ষা ও দক্ষতা অর্জনের উদ্দেশ্যে বিনামূল্যের কোর্স, সনদ ও ক্রেডেনশিয়াল প্রদানকারী প্রোগ্রাম, ও মেন্টরশিপ পাওয়ার জন্য আবেদন করতে পারবেন, এবং এটি করতে উৎসাহিত করা হচ্ছে। এই শরণার্থী জনগোষ্ঠীকে সহায়তা প্রদানের জন্য সুনির্দিষ্ট কোর্সসমূহ, যেমন দারি, ফার্সি, ও পশতু ভাষাভাষীদের জন্য দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি শেখার কোর্স প্রণয়ন করতে, রচেস্টার-ভিত্তিক কিপিং আওয়ার প্রমিস (Keeping Our Promise)-এর সাথে SUNY অংশীদারিত্ব গড়ে তুলছে।

শরণার্থীদের পুনর্বাসন প্রদানকারী এবং ফেডারেল ও স্টেট পর্যায়ের কর্মসূচিসমূহ যেমন যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব স্টেটের (Department of State) আফগানিদের প্লেসমেন্ট ও সহায়তা কর্মসূচি (Afghan Placement and Assistance Program), নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব স্টেটের অফিস ফর নিউ আমেরিকান্স (Office for New Americans), ও নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance) ব্যুরো অব রিফিউজি সার্ভিসেস (Bureau of Refugee Services) এর মধ্যকার সহযোগিতার সম্পর্ক শরণার্থীদেরকে নিউ ইয়র্কের কর্মীদলে প্রবেশ করতে সহায়তা করার উদ্দেশ্যে তাদের স্বতন্ত্র দক্ষতা, প্রশিক্ষণ, মেধা, ও পটভূমি শনাক্ত করা এবং তাদের শিক্ষা, প্রশিক্ষণের চাহিদা, বা যোগ্যতার লাইসেন্সপ্রাপ্তির জন্য পরিকল্পনা প্রণয়ন করার একটি প্রক্রিয়া প্রতিষ্ঠার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

অস্থায়ীভাবে আবাসনের চাহিদা পূরণে সাহায্য করতে, SUNY-এর বাফেলো স্টেট কলেজের ক্যাম্পাস 100 জন পর্যন্ত উদ্বাস্তুর জন্য অস্থায়ী আবাসন হিসেবে ব্যবহারের জন্য ডর্মের খালি জায়গা সংরক্ষণ করতে স্থানীয় সংস্থাগুলোর সাথে অংশীদারিত্ব গড়ে তুলেছে। এছাড়াও বাফেলো স্টেট ও SUNY আফগান উদ্বাস্তুদের শিক্ষা কর্মসূচি অ্যাক্সেস করার ক্ষেত্রে সহায়তা করতে তাদের জন্য সাইটে আরো বেশি সংখ্যক ল্যাপটপের ব্যবস্থা করবে। বাফেলো স্টেটের ক্যাম্পাসে পৌঁছানোর আগে 12 বছর ও তারবেশি বয়সী সব ব্যক্তি পুরোপুরিভাবে COVID-19 এর টিকা পাবেন বলে প্রত্যাশা করা হচ্ছে। বাফেলো ইউনাইটেড ফর আফগান রিফিউজিস (Buffalo United for Afghan Refugees) নামক এই অঞ্চলের পুনর্বাসন প্রচেষ্টায় নেতৃত্ব প্রদানকারী বাফেলো অঞ্চলের পাঁচটি সংস্থার একটি কোয়ালিশন, অস্থায়ীভাবে কলেজে বসবাসরত অবস্থায় উদ্বাস্তু ব্যক্তিদের পৌঁছানো ও সহায়তার বিষয়টি সমন্বয় করবে।

এছাড়াও উদ্বাস্তুদের পুনর্বাসনে সাহায্য করার উদ্দেশ্যে, পরিষেবা প্রদান থেকে প্রত্যাহার করে নেয়া আরো কম্পিউটার সম্ভাব্য শিক্ষার্থীদের প্রদান করার জন্য SUNY কাজ করছে। লাইব্রেরি, পুনর্বাসন দপ্তর, বা স্টেটজুড়ে উদ্বাস্তুদের জন্য সেবাপ্রদানকারী লোকেশনগুলোতে কম্পিউটার ল্যাব স্থাপনের জন্য এই সম্পদগুলো ব্যবহার করা হবে।

এছাড়াও অফিস ফর নিউ আমেরিকান্সের একটি হটলাইন রয়েছে যা অধিবাসী ও শরণার্থীদের স্টেটজুড়ে বিনামূল্যের পরিষেবাসমূহের সাথে সংযোগ করিয়ে দিবে। ছুটির দিন ছাড়া, সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা থেকে রাত 8টা পর্যন্ত 1-800-566-7636 নম্বরে এই হটলাইন অ্যাক্সেস করা যাবে, যেখানে 200টিরও বেশি ভাষায় সহায়তার ব্যবস্থা রয়েছে।

অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর আফগান উদ্বাস্তুদের এসে পৌঁছানোর ট্র্যাক রাখতে ফেডারেল পর্যায়ের আফগানিদের প্লেসমেন্ট ও সহায়তা প্রদানকারীদের সাথে কাজ করছে। আফগান উদ্বাস্তুদের এই সংস্থার পরিষেবামূলক কর্মসূচিসমূহ, যেমন কর্মসংস্থান বিষয়ক সহায়তা, সাংস্কৃতিক অরিয়েন্টেশন ও স্কুলের পরিবেশে মানিয়ে নেয়ার কর্মসূচি, ইত্যাদির আওতায় সেবা প্রদান করা হবে।

**SUNY-এর চ্যান্সেলর জিম মালাট্রাস বলেন,** "জনসাধারণের উচ্চ শিক্ষা সামাজিক গতিশীলতা ও সামাজিক অগ্রগতির ক্ষমতায়ন করে এবং এটি অভাবী মানুষদের জন্য আমাদের দ্বার উন্মুক্ত করার মূল মিশনের একটি অংশ। আফগান উদ্বাস্তুদের জন্য নিউ ইয়র্দের দরজা খুলে দেয়ার কাজে গভর্নর হোকলের নেতৃত্বের জন্য সমগ্র SUNY কমিউনিটি তাকে ধন্যবাদ জানাচ্ছে। উচ্চ মানের শিক্ষার সুযোগ প্রদান করার মাধ্যমে আমরা আমাদের অংশের দায়িত্বটুকু পালন করবো যাতে তারা আমেরিকান স্বপ্নের অংশীদার হতে পারেন। তাদের গল্প ও তাদের ঐতিহ্য আমাদের শক্তিশালী করে, এবং আমরা তাদেরকে নিরাপত্তা ও সুযোগ-সুবিধার দিকে স্বাগত জানাই।"

**বাফেলো স্টেট কলেজের প্রেসিডেন্ট ক্যাথেরিন কনওয়ে-টার্নার বলেন,** "সামাজিক ন্যায়বিচার, বৈচিত্র্য, ও অন্তর্ভুক্তির প্রতি নিবেদিত একটি কলেজ হিসেবে, বাফেলো স্টেট বিশৃঙ্খলা ও অন্যায়ে ভরপুর একটি বিশ্বে একটি স্থিতিশীল ও সহমর্মীতাপূর্ণ শক্তি হয়ে উঠার জন্য সচেষ্ট রয়েছে। আমরা সব পটভূমি ও জাতিস্বত্বার ভুক্তভোগী মানুষদের সাহায্য করার জন্য স্থানীয়, জাতীয় ও বৈশ্বিক কমিউনিটিগুলোর কাছে পৌঁছানোকে আমাদের মিশনের অংশে পরিণত করেছি৷ উন্নত জীবনের পথে যাত্রায় এসব ব্যক্তিকে স্বাগত জানানো ও সহায়তা করার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটকে নেতৃত্ব দেয়ায় বাফেলো স্টেট গভর্নর হোকল ও চ্যান্সেলর মালাট্রাসকে ধন্যবাদ জানাচ্ছে। এছাড়াও আমরা ক্যাথলিক চ্যারিটিজ অব বাফেলো (Catholic Charities of Buffalo), ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব বাফেলো (International Institute of Buffalo), জেরিকো রোড কমিউনিটি হেলথ সেন্টার (Jericho Road Community Health Center), জুইশ ফ্যামিলি সার্ভিসেস (Jewish Family Services), ও জার্নিস এন্ড রিফিউজি সার্ভিসেসকে (Journey's End Refugee Services) এসব স্নেহাস্পদ ব্যক্তিকে আমাদের এলাকায় স্বাগত জানানোর তাদের প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানাই।"

**ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব বাফেলোর অন্তর্বর্তীকালীন এক্সিকিউটিভ ডিরেক্টর, জেনিফার রিজো-চোই বলেন,** "ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব বাফেলোতে আমরা বিশ্বাস করি যে অভিবাসী ও শরণার্থীদের দ্বারা নিউ ইয়র্ক স্টেট শক্তিশালী হয়ে উঠে, এবং আমাদের মিশন হলো উদ্বাস্তু ব্যক্তিদের নিরাপত্তা, শ্রদ্ধা, মর্যাদা, শিক্ষা ও কর্মসংস্থানের সুযোগসমূহ প্রদানের মাধ্যমে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা। আফগান উদ্বাস্তুদের সাদরে বরণ করে নেয়ার জন্য, এবং এই আগত জনগোষ্ঠীকে গ্রহণ করে নেয়া ও লালন করার মাধ্যমে তাদেরকে নতুনভাবে জীবন শুরু করার সুযোগ দেয়ার উদ্দেশ্যে IIB-এর মতো স্থানীয় অংশীদারদের সাথে কাজ করার জন্যে আমরা গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন